

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
<http://www.ds.gov.bd>


নং ৩৪.০২.২৬৬৫.০০০.১৩.০৩৮.২২-৬৫৪

তারিখঃ ২২ সেপ্টেম্বর ২০২২

বিষয় : সরকারি শারীরিক শিক্ষা কলেজ, রাজশাহীর গ্রাউন্ডসম্যান, জনাব মোঃ সাইফুল ইসলামের মৃত্যুজনিত কারণে অর্জিত ছুটির পরিবর্তে প্রাপ্য ছুটির নগদায়ন (Lump Grant) মঞ্জুর প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ সাইফুল ইসলাম ০১/০৪/২০১২ খ্রি. তারিখে সরকারি শারীরিক শিক্ষা কলেজ, রাজশাহী গ্রাউন্ডসম্যান পদে যোগদান করেন। তাঁর জন্ম তারিখ ২৩/০১/১৯৯২ খ্রি.। তিনি গত ১৯-০৬-২০২২ খ্রি. তারিখে হৃদক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়, রাজশাহী কর্তৃক প্রদত্ত ইএলপিসি'র হিসাব অনুযায়ী তাঁর ছুটির হিসাব পূর্ণ গড় বেতনে ১০ মাস ২০ দিন এবং অর্থ গড় বেতনে ১০ মাস ০৭ দিন ছুটি পাওনা আছে। অর্থগড় ১০ মাস ০৭ দিনকে পূর্ণগড়ে রূপান্তর করে গড়ে ৫ মাস ১৪ দিন সহ মোট পূর্ণগড় ১৫ মাস ২৪ দিন। তাঁর মূল বেতন ১২,৮৬০/- (বার হাজার আটশত ষাট) টাকা সে হিসেবে ১৫ মাস ২৪ দিনের প্রাপ্য ছুটির নগদায়ন (লাম্পগ্যান্ট) হিসেবে প্রাপ্য।

০২। গণকর্মচারী (অবসর গ্রহণ) আইন ১৯৭৫ এর ৯ধারা এবং ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধির ৩(১) বি (২)ধারা মোতাবেক সংশ্লিষ্ট কর্মচারীকে মৃত্যুজনিত কারণে ১৯/০৬/২০২২ তারিখে অবসর এবং তাঁর পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি পাওনা থাকায় জাতীয় বেতন স্কেল-২০১৫ এর বিধি ১০(২) অনুযায়ী ১৫ মাস ২৪ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য ছুটির নগদায়ন (Lump Grant) মরহমের স্ত্রী জনাব মোসাঃ শাহানারা খানম এর নামে নির্দেশক্রমে মঞ্জুর করা হলো।


(মোঃ আখতারুজ্জামান রেজা তালুকদার)
সহকারী পরিচালক (সংগঠন)
ফোন:০২-৪৭১২০৪০৯।

ডিভিশন কন্ট্রোলার অব একাউন্টস অফিসার
ডিভিশন কন্ট্রোলার অব একাউন্টস অফিসারের কার্যালয়, রাজশাহী

অনুলিপিঃ

- ১। অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, রাজশাহী।
- ২। জনাব মোসাঃ শাহানারা খানম মরহম মোঃ সাইফুল ইসলাম এর স্ত্রী
- ৩। হিসাব শাখা, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।